## অষ্টম অধ্যায়

# বাংলাদেশ ও বাংলাদেশের নাগরিক



### শিৰার্থীরা যা জানবে–

- রাষ্ট্রের ধারণা
- রাষ্ট্র গঠনের আবশ্যক উপাদান
- নাগরিক ও নাগরিকত্বের ধারণা
- নাগরিকত্ব লাভের নিয়ম
- দেশের উন্নয়নে নাগরিকের ভূমিকা

### বিষয়–সংৰেপ

বর্তমান বিশ্বের জনসংখ্যা প্রায় সাত'শ কোটি। এই বিপুল জনসংখ্যার সবাই কোনো না কোনো রাষ্ট্রের অধিবাসী। তেমনি আমরা সবাই বাংলাদেশের অধিবাসী ও নাগরিক।

## বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

### ■ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১. সার্বভৌম ৰমতার মূল অধিকারী কে?**
● জনগণ ⓖ সরকার ⓖ রাষ্ট্র ⓖ সমাজ

**২. রাষ্ট্রের জন্য সরকারের অপরিহার্যতা–**
i. দেশ পরিচালনায় ii. জনগণের নিরাপত্তা রৰায়
iii. দেশের সার্বভৌমত্ব রৰায়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৩ ও ৪ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
'ক' রাষ্ট্রে নিজের দেশের নাগরিক ছাড়াও অন্যান্য দেশের লোক বাস করে। হঠাৎ 'খ' রাষ্ট্রের সাথে 'ক' রাষ্ট্রের যুদ্ধ বেধে যাওয়ায় অন্যান্য দেশের লোক নিজ দেশে চলে গেল কিন্তু 'ক' রাষ্ট্রের নাগরিকগণ সরকারের নির্দেশে বাধ্যতামূলকভাবে যুদ্ধে অংশগ্রহণ করল। যুদ্ধে 'খ' রাষ্ট্র 'ক' রাষ্ট্রকে দখল করে নিল।

**৩. 'ক' রাষ্ট্রে বসবাসকারী অন্যান্য দেশের নাগরিকদের চলে যাওয়ার কারণ–**
i. তারা 'ক' রাষ্ট্রের নাগরিক নয়
ii. 'ক' রাষ্ট্র তাদের যুদ্ধে অংশগ্রহণে বাধ্য করতে পারে না
iii. তারা 'ক' রাষ্ট্রের প্রতি অনুগত নয়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓖ ii ও iii ⓖ iii ● i, ii ও iii

**৪. 'খ' রাষ্ট্র কর্তৃক 'ক' রাষ্ট্র দখল করে নেওয়ায় 'ক' রাষ্ট্রের কোন উপাদানটি বিলুপ্ত হলো?**
ⓚ জনসমষ্টি ⓖ সরকার ⓖ ভূখণ্ড ● সার্বভৌমত্ব

### ■ সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন– ১** নাগরিকত্ব লাভের নিয়ম

জাকির সাহেব ও আফরিন দম্পতি চাকরি নিয়ে মার্কিন যুক্তরাষ্ট্রে ২০ বছরের অধিক সময় ধরে বসবাস করছেন। সেখানে তাদের ছেলে স্বননের জন্ম হয়। তারা সেখানে নিজেদের আয় থেকে একটি ব্যবসা–প্রতিষ্ঠান ক্রয় করেন। সরকারকে নিয়মিত আয়কর দেন। দেশের আইনকানুন মেনে চলেন। বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের জন্য একটি তহবিল পরিচালনা করেন। এই দম্পতি এখন মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক।

ক. নাগরিক কীসের পরিচয়ে নাগরিকত্ব লাভ করে?
খ. রাষ্ট্রে বসবাসকারী সকলেই নাগরিক নয় কেন?
গ. জাকির সাহেবের নাগরিকত্ব লাভের প্রক্রিয়া ব্যাখ্যা কর।
ঘ. জাকির সাহেব ও স্বননের নাগরিকতার পার্থক্য বিশেৰষণ কর।

**১ নং প্রশ্নের উত্তর**

**ক** একজন নাগরিক রাষ্ট্রের পরিচয়ে নাগরিকত্ব লাভ করে।

**খ** রাষ্ট্রে বসবাসকারী সবাই রাষ্ট্রের অধিবাসী নয় বলে সবাই নাগরিক নয়। একটি রাষ্ট্রে নিজ দেশের অধিবাসী ছাড়াও ভিন্ন দেশের অনেক লোক বাস করে। শিক্ষা, ব্যবসা–বাণিজ্য, চাকরি ইত্যাদি নানা কারণে তারা অবস্থান করে। এদের বলে বিদেশি। বিদেশিরা একটি দেশের সরকারের বা রাষ্ট্রের কোনো রাজনৈতিক অধিকার ভোগ করতে পারে না। তাই এরা রাষ্ট্রের নাগরিক নয়।

**গ** উদ্দীপকের জাকির সাহেব অনুমোদনসূত্রে মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক। অনুমোদনসূত্রে এক দেশের নাগরিককে অন্য দেশের নাগরিক হওয়ার জন্য আবেদন করতে হয়। শিক্ষা, চাকরি, ব্যবসা–বাণিজ্য ছাড়াও নানা কারণে এক দেশের নাগরিককে অন্য দেশে বসবাস করতে হয়। আবেদন পরীক্ষা–নিরীক্ষা করে রাষ্ট্র শর্তসাপেক্ষে স্থায়ীভাবে নাগরিকত্ব প্রদান করে। উদ্দীপকের জাকির সাহেব জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হলেও অনুমোদনসূত্রে যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব লাভ করেছেন। তিনি চাকরি নিয়ে মার্কিন যুক্তরাষ্ট্রে বিশ বছরের অধিক সময় ধরে বসবাস করছেন। সেখানে তার সম্পত্তি ক্রয়, আয়কর প্রদান, তহবিল পরিচালনা সংক্রান্ত বিভিন্ন কার্যক্রমই অনুমোদনসূত্রে নাগরিকত্বের পরিচয় বহন করে। তাই দেখা যায় যে, জাকির সাহেব নানা ধরনের শর্ত পূরণ সাপেৰে অনুমোদনসূত্রে যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব অর্জন করে। সুতরাং বলা যায় যে, তিনি মার্কিন যুক্তরাষ্ট্রের অনুমোদনসূত্রে নাগরিক।

**ঘ** জাকির সাহেব ও তার সন্তান স্বননের নাগরিকতার মধ্যে বিশেষ পার্থক্য বিদ্যমান। জন্মস্থান নীতি অনুযায়ী বাবা–মা যে দেশেরই হোক সন্তানের জন্মস্থান তার নাগরিকত্ব নির্ধারণ করে। এ নীতি অনুসারে কোনো দেশের জাহাজ বা দূতাবাসে জন্মগ্রহণ করলেও সে সেদেশের নাগরিক বিবেচিত হবে। আমেরিকায় এ ধরনের নীতি অনুসরণ করা হয়। আবার অনুমোদনসূত্রে নাগরিকতা অর্জনে শিক্ষা, চাকরি, ব্যবসা–বাণিজ্য ছাড়াও নানা কারণে এক দেশের নাগরিককে অন্য দেশে স্থায়ীভাবে বসবাসের জন্য আবেদন করতে হয়। রাষ্ট্র মনে করলে শর্তসাপেক্ষে স্থায়ীভাবে তাকে নাগরিকত্ব প্রদান করতে পারে। এ ধরনের নাগরিকত্বকে বলে অনুমোদনসূত্রে নাগরিকত্ব। উদ্দীপকে জাকির সাহেবের নাগরিকত্বের সূত্র বিশ্লেষণ করলে আমরা অনুমোদনসূত্রে নাগরিকত্বের প্রমাণ পাই। কেননা, চাকরির কারণে স্ত্রীসহ তিনি ২০ বছর ধরে মার্কিন যুক্তরাষ্ট্রে বাস করছেন, সে রাষ্ট্রকে কর দিচ্ছেন, আইন–কানুন মেনে চলছেন। এসব বৈশিষ্ট্য তার নাগরিকত্বের অনুমোদনসূত্রিতা প্রমাণ করে। আবার সেখানে বসবাসকালে স্বনন নামে তার একটি সন্তানের জন্ম হয়। আর আমেরিকার নাগরিকত্বের নীতি অনুযায়ী স্বনন সেখানকার জন্মস্থান নীতি অনুযায়ী নাগরিক, একই রাষ্ট্রের নাগরিক হলেও তাদের অধিকারভোগে কিছু পার্থক্য আছে। উপর্যুক্ত পর্যালোচনার প্রেৰাপটে প্রতীয়মান হয় যে, জাকির ও স্বননের নাগরিকতা অর্জনে মূল পার্থক্য হলো জাকির অনুমোদনসূত্রে এবং স্বনন জন্মসূত্রে মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব পেয়েছে।

**প্রশ্ন– ২** নাগরিকত্ব লাভের নিয়ম

বাংলাদেশের অধিবাসী সজীব সিঙ্গাপুরে মেরিন সার্ভিসে কর্মরত অবস্থায় অস্ট্রেলিয়ান মেয়েকে তিন বছর হয় বিয়ে করেছেন। সিঙ্গাপুর থেকে স্ত্রীকে নিয়ে আমেরিকার একটি জাহাজে করে তিনি অস্ট্রেলিয়ায় যাচ্ছিলেন। অস্ট্রেলিয়ায় পৌঁছানোর পূর্বেই জাহাজে তাদের মেয়ে মারিয়ার জন্ম হয়। বাংলাদেশ থেকে অস্ট্রেলিয়ায় পড়তে আসা সজীবের ছোট ভাই সাগর গত নির্বাচনে সেখানে ভোট দিতে পারেনি।

ক. বাংলাদেশের প্রথম সরকার কখন গঠিত হয়?
খ. দ্বি-নাগরিকত্ব বলতে কী বুঝায়?
গ. মারিয়া কোন দেশের নাগরিকত্ব লাভ করবে ব্যাখ্যা কর।
ঘ. 'সজীব বা সাগরের নাগরিক অধিকার ভিন্ন'– উত্তরের পৰে যুক্তি দাও।

**২ নং প্রশ্নের উত্তর**

**ক** বাংলাদেশের প্রথম সরকার গঠিত হয় ১০ এপ্রিল ১৯৭১ সালে।

**খ** দ্বি-নাগরিকত্ব বলতে বোঝায় একই সঙ্গে দুটি রাষ্ট্রের নাগরিকত্ব লাভ করাকে। কোনো বাংলাদেশি মা-বাবার সন্তান আমেরিকায় জন্মগ্রহণ করলে সে স্বাভাবিক নিয়মে ঐ দেশের নাগরিক হয়। অন্যদিকে মা-বাবা বাংলাদেশি হওয়ায় সে বাংলাদেশেরও নাগরিক। এ ক্ষেত্রে সে প্রাপ্তবয়স্ক হলে যেকোনো একটি রাষ্ট্রের নাগরিকত্ব গ্রহণ করতে পারে। আর ইচ্ছা করলে দুটি রাষ্ট্রেরই নাগরিকত্ব রাখতে পারে। এ ধরনের নাগরিকত্বকে বলে দ্বি-নাগরিকত্ব।

**গ** মারিয়া জন্মস্থান নীতি অনুসারে আমেরিকা এবং জন্মসূত্র নীতি অনুযায়ী বাংলাদেশ ও অস্ট্রেলিয়ার নাগরিকত্ব লাভ করবে। নাগরিকত্ব লাভের সূত্র অনুযায়ী আমরা জানি, জন্মসূত্র অনুযায়ী বাবা-মা যে দেশের নাগরিক সন্তান যে দেশেই জন্মগ্রহণ করুক সেও সে দেশের নাগরিক। আবার জন্মস্থান নীতি অনুযায়ী, বাবা-মা যে দেশের নাগরিক হোক না কেন, সন্তান যে দেশে জন্মগ্রহণ করবে সে সেই দেশের নাগরিক বলে বিবেচিত হবে। তাছাড়াও এ নীতি অনুসারে দেশের জাহাজ বা দূতাবাসে কোনো শিশু জন্মগ্রহণ করলে সন্তান সে দেশের নাগরিক বলে বিবেচিত হবে। উদ্দীপকে মারিয়ার জন্ম ও তার পিতামাতার নাগরিকত্ব বিশ্লেষণে আমরা পাই, জন্মস্থান নীতি অনুযায়ী মারিয়া আমেরিকার নাগরিক বলে বিবেচিত হবে। আবার জন্মসূত্র নীতি অনুযায়ী মারিয়া, বাংলাদেশি বাবা ও অস্ট্রেলিয়ান মায়ের সন্তান বলে বাংলাদেশ ও অস্ট্রেলিয়ার নাগরিক বলেও বিবেচিত হবে। সুতরাং বলা যায় যে, মারিয়া উপরিউক্ত তিনটি দেশের নাগরিক হওয়ার সৌভাগ্য অর্জন করে।

**ঘ** সজীব বা সাগরের নাগরিক অধিকার ভিন্ন– মন্তব্যটি সঠিক। নাগরিকত্ব লাভের দুটি প্রধান উপায়ের একটি জন্মসূত্রে নাগরিকত্ব লাভ অন্যটি অনুমোদনসূত্রে নাগরিকত্ব লাভ। যারা জন্মসূত্রে রাষ্ট্রের নাগরিকত্ব লাভ করে তারা জন্মসূত্রে নাগরিক। অপরপৰে যারা আবেদনের মাধ্যমে কোনো দেশের নাগরিকত্ব লাভ করে তারা অনুমোদনসূত্রে নাগরিক। এ ৰেত্রে নাগরিকত্ব লাভের জন্য কতকগুলো শর্ত পূরণ করতে হয়। তন্মধ্যে একটি শর্ত হলো রাষ্ট্রের কোনো নাগরিককে বিয়ে করা। উদ্দীপকে দেখা যায় যে, সজীব বাংলাদেশি হলেও তিনি অস্ট্রেলিয়ার মেয়েকে বিবাহ করেছেন। এটি অনুমোদনসূত্রে নাগরিক হওয়ার মতো একটি গুরবত্বপূর্ণ শর্ত পূরণ করে । নাগরিকের রাষ্ট্রের প্রতি অনেক অধিকার ও কর্তব্য রয়েছে যা সজীবের মধ্যে বিদ্যমান আছে। অপরপৰে সজীবের ভাই সাগর অস্ট্রেলিয়ায় পড়াশোনা করতে যায়। সাগর সে দেশের নাগরিকত্ব অর্জন করার মতো শর্ত পূরণ করেনি। এজন্য সজীব ভোট দিতে পারলেও সাগর ভোট দিতে পারেনি। সুতরাং বলা যায় যে, উদ্দীপকের সজীব এবং সাগরের মধ্যে নাগরিকতার দিক দিয়ে অধিকারের ভিন্নতা লৰ করা যায়।

## পরীক্ষা প্রস্তুতি

এ অংশে সংযোজন করা হয়েছে– সেরা স্কুলসমূহের বহুনির্বাচনি প্রশ্নোত্তর ও সৃজনশীল প্রশ্ন ও উত্তর, বিষয়ক্রম অনুযায়ী মাস্টার ট্রেইনার প্রণীত বহুনির্বাচনি প্রশ্নোত্তর ও সৃজনশীল প্রশ্ন ও উত্তর এবং নিশ্চিত কমন উপযোগী জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর। এ অংশের সঠিক অনুশীলন শিৰার্থীদের পরীৰা প্রস্তুতিকে সম্পূর্ণ করবে।

## বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### ■ বিষয়ক্রম অনুযায়ী বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**➲ পাঠ-১ : রাষ্ট্রের ধারণা** ➡ বোর্ড বই, পৃষ্ঠা-৬৫

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

১. **রাষ্ট্রের প্রাণ কী?** (জ্ঞান)
ⓚ সরকার ● জনগণ ⓖ বিরোধী দল ⓘ বিদেশি

২. **চীনের জনসংখ্যা কত?** (জ্ঞান)
ⓚ ১৩৫ কোটি ১০ লৰ ● ১৩৭ কোটি ২০ লৰ
ⓖ ১৩৮ কোটি ৩০ লৰ ⓘ ১৪০ কোটি ৩৯ লৰ

৩. **সান ম্যারিনোর জনসংখ্যা কত?** (জ্ঞান)
ⓚ এগারো হাজার ⓛ সাড়ে এগারো হাজার ⓖ বারো হাজার ● ত্রিশ হাজার

৪. **রাহুল পশ্চিমবঙ্গের হুগলিতে বাস করে। তার দেশের আয়তন কত?** (প্রয়োগ)
ⓚ ৩১,৮৭,৫৯০ বর্গকিলোমিটার ● ৩২,৮৭,৫৯০ বর্গকিলোমিটার
ⓖ ৩৩,৮৭,৫৯০ বর্গকিলোমিটার ⓘ ৩৪,৮৭,৫৯০ বর্গকিলোমিটার

৫. **সিঙ্গাপুর সিটির আয়তন কত?** [ন্যাশনাল বাংলা উচ্চ বিদ্যালয়, ঢাকা]
ⓚ ৬৯২ বর্গকিলোমিটার ● ৬৯৩ বর্গকিলোমিটার
ⓖ ৬৯৪ বর্গকিলোমিটার ⓘ ৬৯৫ বর্গকিলোমিটার

৬. **ভ্যাটিকান সিটির আয়তন কত?** [চট্টগ্রাম কলেজিয়েট স্কুল এন্ড কলেজ]
ⓚ ০.১৭ বর্গকিলোমিটার ● ০.১৮ বর্গকিলোমিটার
ⓖ ০.১৯ বর্গকিলোমিটার ⓘ ০.২০ বর্গকিলোমিটার

৭. **রাষ্ট্র গঠনে কয়টি উপাদান অবশ্যই প্রয়োজনীয়?**
[শরিয়তপুর সর:বালিকা উচ্চ বিদ্যালয়; আইডিয়াল স্কুল এন্ড কলেজ মতিঝিল, ঢাকা]
ⓚ ৩ ● ৪ ⓖ ৫ ⓘ ৬

৮. **রাষ্ট্রের সর্বোচ্চ অধিকার ও ৰমতা কোনটি?**
ⓚ সরকার ⓛ জনসমষ্টি ⓖ ভূখণ্ড ● সার্বভৌমত্ব

৯. **সার্বভৌমত্ব কী?** [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
ⓚ সরকারের সর্বোচ্চ ক্ষমতা ● রাষ্ট্রের সর্বোচ্চ ৰমতা
ⓖ রাষ্ট্রপতির সর্বোচ্চ ৰমতা ⓘ প্রধানমন্ত্রীর সর্বোচ্চ ৰমতা

১০. **রাষ্ট্র যে কাউকে যে কোনো নির্দেশ দিতে পারে, এটি কোন ধরনের ক্ষমতা?** (অনুধাবন)
ⓚ গৌণ ⓛ স্বৈরাচারী ● সার্বভৌম ⓘ মুখ্য

১১. **রাষ্ট্রের জনসংখ্যা কত হবে?** (জ্ঞান)
ⓚ নির্দিষ্ট ● অনির্দিষ্ট
ⓖ শূন্য হতে পারে ⓘ আয়তন অনুসারে হবে

১২. **রাষ্ট্রের প্রথম উপাদান কোনটি?** [শামসুল হক স্কুল এন্ড কলেজ, ডেমরা, ঢাকা]
● জনসমষ্টি ⓛ ভূখণ্ড ⓖ সরকার ⓘ সার্বভৌমত্ব

১৩. **সার্বভৌম ৰমতার মূল অধিকারী কে?** [ন্যাশনাল বাংলা উচ্চ বিদ্যালয়]
● জনগণ ⓛ সরকার ⓖ আনুগত্যকারী ⓘ যাযাবর

১৪. **নিচের কোনটি নগররাষ্ট্র?** [উদয়ন স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ⓚ বাংলাদেশ ⓛ ভারত ● সিঙ্গাপুর ⓘ কানাডা

১৫. **নিচের কোনটি রাষ্ট্র গঠনের উপাদানের সঙ্গে অসঙ্গতি প্রকাশ করে?** (অনুধাবন)
ⓚ জনসমষ্টি ⓛ সরকার ⓖ সার্বভৌমত্ব ● নাগরিক

১৬. **ঢাকাকে রাষ্ট্র বলা যাবে না কেন?** [উদয়ন স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ⓚ জনসমষ্টি নেই ⓛ ভূখণ্ড নেই ⓖ সরকার নেই ● সার্বভৌমত্ব নেই

১৭. **ভূখণ্ড রাষ্ট্রের–** (জ্ঞান)
ⓚ গৌণ উপাদান ● মূল উপাদান
ⓖ অপ্রয়োজনীয় উপাদান ⓘ অতিরিক্ত উপাদান

১৮. **সিঙ্গাপুর ও ভ্যাটিকান সিটির মধ্যে সাদৃশ্য নির্দেশ করে কোনটি?** (অনুধাবন)
● নগররাষ্ট্র ⓛ আয়তন ⓖ প্রদেশ ⓘ সরকার

১৯. **সার্বভৌমত্বের ফলে রাষ্ট্র কী থেকে মুক্ত থাকে?** (জ্ঞান)
ⓚ দুর্নীতি ● অন্য রাষ্ট্রের নিয়ন্ত্রণ
ⓖ কুসংস্কার ⓘ বৈদেশিক ঋণ

২০. **জল, স্থল ও তার উপরিভাগের বায়ুমণ্ডলকে এক কথায় কী বলে?**
[মাগুরা সরকারি উচ্চ বিদ্যালয়]
ⓚ সরকার ⓛ রাষ্ট্র ⓖ সার্বভৌমত্ব ● ভূখণ্ড

২১. **সরকারের প্রতি জনগণের আনুগত্য প্রকাশ সরকারের কোন ক্ষমতার ফল?** (উচ্চতর দৰতা)
ⓚ স্বেচ্ছাচারী ⓛ অর্থনৈতিক ● সার্বভৌম ⓘ প্রশাসনিক

২২. **প্রাচীন নগররাষ্ট্র গড়ে ওঠে কখন?** (জ্ঞান)
ⓚ ৪-৫ হাজার বছর পূর্বে ● ৫-৬ হাজার বছর পূর্বে
ⓖ ৬-৭ হাজার বছর পূর্বে ⓘ ৭-৮ হাজার বছর পূর্বে

২৩. **বর্তমান বিশ্বের লোকসংখ্যা কত?**
[ফয়জুর রহমান আইডিয়াল ইনস্টিটিউট খিলগাঁও, ঢাকা; অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয়, ঢাকা]

ক প্রায় ৫শ কোটি  খ প্রায় ৬শ কোটি  ● প্রায় ৭শ কোটি  ঘ প্রায় ৯শ কোটি

**২৪. কোন ব্যবস্থা থেকে প্রাচীনকালে রাষ্ট্রের ধারণার উৎপত্তি ঘটেছে?** [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
ক পরিবার  ● নগররাষ্ট্র  গ সমাজ  ঘ সরকার

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর


**২৫. প্রাচীন নগর রাষ্ট্র গড়ে ওঠে–** (অনুধাবন)
i. নদীর তীরে  ii. সমুদ্রের তীরে  iii. বনের ধারে
**নিচের কোনটি সঠিক?**
ক i  ● i ও ii  গ i ও iii  ঘ i, ii ও iii

**২৬. ভূখণ্ড বলতে বোঝায়–** (অনুধাবন)
i. রাষ্ট্রের জল ও স্থলভাগকে  ii. তার উপরিভাগের বায়ুমণ্ডলকে
iii. তার অভ্যন্তরস্থ জনসংখ্যাকে
**নিচের কোনটি সঠিক?**
ক i  খ ii  ● i ও ii  ঘ i ও iii

**২৭. একটি রাষ্ট্রের সার্বভৌমত্ব হলো–** [উদয়ন স্কুল এন্ড কলেজ, ঢাকা]
i. সর্বোচ্চ ৰমতা  ii. চরম ৰমতা
iii. সাময়িক ৰমতা
**নিচের কোনটি সঠিক?**
ক i  খ ii  ● i ও ii  ঘ i ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের প্রবাহচিত্র দেখ এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও :**




**২৮. ? চিহ্নিত স্থানে কোনটি প্রযোজ্য হবে?** (প্রয়োগ)
ক নাগরিক  ● রাষ্ট্র  গ স্বাধীনতা  ঘ কল্যাণ

**২৯. চিত্রের কোন উপাদানের কারণে রাষ্ট্র অন্য কোনো দেশ বা শক্তির নিয়ন্ত্রণ থেকে মুক্ত থাকে?** (উচ্চতর দৰতা)
ক সরকারের কারণে  খ জনগণের কারণে
● সার্বভৌমত্বের কারণে  ঘ নির্দিষ্ট ভূখণ্ডের কারণে

## পাঠ-২ : রাষ্ট্র হিসাবে বাংলাদেশ ➡ বোর্ড বই, পৃষ্ঠা-৬৬

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৩০. বাংলাদেশের জনসংখ্যার বিরাট অংশ কী?** (জ্ঞান)
ক তরুণ  ● শিশু  গ প্রবীণ  ঘ কিশোর

**৩১. বাংলাদেশের আয়তন কত বর্গকিলোমিটার?** [শরীয়তপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
● ১,৪৭,৫৭০ বর্গকিলোমিটার  খ ১,৪৮,৫৭০ বর্গকিলোমিটার
গ ১,৪৪,৫৭০ বর্গকিলোমিটার  ঘ ১,৪৫,৫৭০ বর্গকিলোমিটার

**৩২. ১৯৭১ সালে স্বাধীনতা লাভের মধ্য দিয়ে বাংলাদেশ কী অর্জন করেছে?** (জ্ঞান)
ক ভূখণ্ড  খ সরকার  গ জনসমষ্টি  ● সার্বভৌমত্ব

**৩৩. জনাব কবির বাংলাদেশের নাগরিক। তার দেশের সরকারব্যবস্থা কীরূ প?** (প্রয়োগ)
● মন্ত্রিপরিষদ শাসিত  খ সংসদ সচিবালয় শাসিত
গ রাষ্ট্রপতি শাসিত  ঘ রাজা শাসিত

**৩৪. সরকার জনগণ দ্বারা নির্বাচিত হওয়া উত্তম কেন?** (অনুধাবন)
● জনগণের সার্বভৌম ৰমতার কারণে  খ জনগণ ক্ষমতাহীন বলে
গ সরকারের সার্বভৌম ক্ষমতার কারণে  ঘ সরকারের ক্ষমতা হ্রাস করার জন্য

**৩৫. জনসংখ্যার দিক থেকে বিশ্বের কততম বৃহত্তম দেশ বাংলাদেশ?** [যশোর জিলা স্কুল]
ক পঞ্চম  খ সপ্তম  ● অষ্টম  ঘ নবম

**৩৬. বাংলাদেশ সার্বভৌম রাষ্ট্র কেন?** (উচ্চতর দৰতা)
● ৭১–এ স্বাধীনতা লাভের জন্য  খ ৬৯–এ গণঅভ্যুত্থানের জন্য
গ ৭২–এ সংবিধান রচনার জন্য  ঘ ৭০–এ নির্বাচনে জয় লাভের জন্য

**৩৭. বাংলাদেশ বিশ্বের বুকে একটি স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র হিসেবে আত্মপ্রকাশ করে কত সালে?** [শরীয়তপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
● ১৯৭১  খ ১৯৭৫  গ ১৯৮১  ঘ ১৯৯০

**৩৮. বাংলাদেশের সরকার পরিচালিত হয় কোন প্রক্রিয়ায়?** (জ্ঞান)
ক রাজতান্ত্রিকভাবে  খ সমাজতান্ত্রিকভাবে
● গণতান্ত্রিকভাবে  ঘ একনায়কতান্ত্রিকভাবে

**৩৯. জনগণের ভোটে নির্বাচিত সরকারকে কী বলা হয়?** (অনুধাবন)
ক সমাজতান্ত্রিক সরকার  খ একনায়কতান্ত্রিক সরকার
গ রাজতান্ত্রিক সরকার  ● গণতান্ত্রিক সরকার

**৪০. বাংলাদেশের প্রথম সরকার গঠিত হয় কবে?** [উদয়ন স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ক ১৯৭১ সালের মার্চ  ● ১৯৭১ সালের এপ্রিল
গ ১৯৭১ সালের মে  ঘ ১৯৭১ সালের জুন

**৪১. মিয়ানমার বাংলাদেশের কোন দিকে অবস্থিত?** (জ্ঞান)
ক পশ্চিমে  খ উত্তরে  ● পূর্বে  ঘ দৰিণে

**৪২. বাংলাদেশের জনসংখ্যার প্রায় কতভাগ পুরবষ?** (জ্ঞান)
● $\frac{১}{২}$  খ $\frac{১}{৩}$  গ $\frac{১}{৪}$  ঘ $\frac{১}{৫}$

**৪৩. বাংলাদেশের দক্ষিণে কী রয়েছে?** (জ্ঞান)
ক টেকনাফ  খ সেন্টমার্টিন  ● বঙ্গোপসাগর  ঘ কক্সবাজার

**৪৪. বাংলাদেশের পশ্চিমে ভারতের কোন রাজ্য অবস্থিত?** (জ্ঞান)
ক বঙ্গোপসাগর  খ মেঘালয়  ● পশ্চিমবঙ্গ  ঘ মিজোরাম

**৪৫. ১৯৭১–এর স্বাধীনতা সংগ্রামের ফলে মূলত কী হয়?** (উচ্চতর দৰতা)
● সার্বভৌম ক্ষমতা লাভ হয়  খ সরকারের স্বীকৃতি লাভ হয়
গ আওয়ামী লীগ ক্ষমতাসীন হয়  ঘ সংবিধান বাতিল হয়

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৪৬. বাংলাদেশ রাষ্ট্রে বিদ্যমান আছে–** (অনুধাবন)
i. জনগোষ্ঠী ও ভূখণ্ড  ii. সরকার ও সার্বভৌমত্ব
iii. নগররাষ্ট্র ও জনবৈচিত্র্য
**নিচের কোনটি সঠিক?**
ক i  ● i ও ii  গ i ও iii  ঘ i, ii ও iii

**৪৭. বাংলাদেশের জনগোষ্ঠীর ৰেত্রে বলা যায়–** [যশোর জিলা স্কুল]
i. বিশাল জনগোষ্ঠী  ii. জনসংখ্যার বিরাট অংশ শিশু
iii. এ জনগোষ্ঠী অস্থায়ী বাসিন্দা
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

**৪৮. বাংলাদেশ ভূখণ্ড গঠিত হয়েছে–** (অনুধাবন)
i. মালভূমি ও সমুদ্র এলাকা নিয়ে  ii. নদনদী ও হাওড় বাওড় নিয়ে
iii. বনভূমি ও সমভূমি নিয়ে
**নিচের কোনটি সঠিক?**
ক i  খ i ও ii  ● ii ও iii  ঘ i, ii ও iii

**৪৯. বাংলাদেশের পূর্বে অবস্থিত–** (অনুধাবন)
i. ভারত  ii. মিয়ানমার
iii. বঙ্গোপসাগর
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

**৫০. বাংলাদেশের নারী এবং পুরবষ এ দেশের–** (অনুধাবন)
i. স্থায়ী বাসিন্দা  ii. নাগরিক
iii. জনগোষ্ঠী
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

**৫১. ১৯৭১ সালে স্বাধীনতা লাভের ফলে আমরা অর্জন করেছি–** (উচ্চতর দৰতা)
i. একটি সরকার  ii. সার্বভৌমত্ব
iii. অনেক ধন সম্পদ
**নিচের কোনটি সঠিক?**
ক i  ● ii  গ i ও ii  ঘ i ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫২ ও ৫৩ নং প্রশ্নের উত্তর দাও :**
পৃথিবীর একমাত্র হিন্দু রাষ্ট্র নেপাল। এর আয়তন প্রায় বাংলাদেশের সমান। দীর্ঘদিনের আন্দোলনের ফলশ্রুতিতে কয়েক বছর পূর্বে মাওবাদীরা নেপালের সরকার গঠনে সক্ষম হয়।

৫২. অনুচ্ছেদের মাওবাদীদের সরকার গঠনের সঙ্গে কোন বিষয়টি সাদৃশ্যপূর্ণ? (প্রয়োগ)
● বাংলাদেশের প্রথম সরকার গঠন (খ) মেহেরপুরের মুজিবনগরের ঐতিহ্য
(গ) ১৯৭১ সালের যুদ্ধ (ঘ) বাংলাদেশের সার্বভৌম ক্ষমতা লাভ

৫৩. উক্ত দেশটির সঙ্গে বাংলাদেশের সাদৃশ্য– (প্রয়োগ)
i. উভয়ই রাষ্ট্র ii. সার্বভৌমত্ব
iii. যুদ্ধের মাধ্যমে স্বাধীনতা লাভ
নিচের কোনটি সঠিক?
● i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

## ➲ পাঠ-৩ : নাগরিক ও নাগরিকত্বের ধারণা ➡ বোর্ড বই, পৃষ্ঠা-৬৮

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫৪. একজন নাগরিক কীসের পরিচয়ে নাগরিকত্ব পায়? (জ্ঞান)
● রাষ্ট্র (খ) ভাষা (গ) রাজনৈতিক দল (ঘ) এলাকা

৫৫. নাগরিকতা বলতে কী বোঝায়? [গভ. ল্যাবরেটরি হাই স্কুল, ঢাকা]
(ক) ব্যক্তির আন্তর্জাতিক পরিচয় (খ) ব্যক্তির ব্যবসায়িক পরিচয়
(গ) ব্যক্তিগত পরিচয় ● ব্যক্তির জাতীয় পরিচয়

৫৬. বাংলাদেশের নাগরিক হিসেবে আমাদের পরিচয় কী? (জ্ঞান)
(ক) বাঙালি ● বাংলাদেশি (গ) মুসলিম (ঘ) বঙ্গীয়

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫৭. বিদেশিরা রাষ্ট্রের নাগরিক না হওয়ার কারণ– (অনুধাবন)
i. রাজনৈতিক অধিকারহীনতা ii. সীমাবদ্ধ অধিকার ভোগ
iii. শিক্ষা, চাকরি প্রভৃতির সুযোগহীনতা
নিচের কোনটি সঠিক?
(ক) i ● i ও ii (গ) i ও iii (ঘ) i, ii ও iii


৫৮. একজন নাগরিকের বৈশিষ্ট্য হলো– (অনুধাবন)
i. স্থায়ীভাবে বসবাস ii. অধিকার ভোগ
iii. দায়িত্ব ও কর্তব্য পালন
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii (গ) i ও ii ● i, ii ও iii

৫৯. রাষ্ট্র থেকে একজন নাগরিক লাভ করে– (অনুধাবন)
i. রাজনৈতিক অধিকার ii. সামাজিক অধিকার
iii. যা ইচ্ছে তাই করার অধিকার
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii ● i ও ii (ঘ) i, ii ও iii

৬০. নগররাষ্ট্র সম্পর্কে বলা যায়– [মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজ, ঢাকা]
i. স্বাধীন রাষ্ট্রের প্রদেশ
ii. জনসংখ্যা ছিল কম
iii. আয়তন ছিল কম
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii ● ii ও iii (ঘ) i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের ছকটি দেখে ৬১ ও ৬২ নং প্রশ্নের উত্তর দাও :**




৬১. '?' চিহ্নিত স্থানে কী হবে? (প্রয়োগ)
(ক) সাংস্কৃতিক অধিকার ● সামাজিক অধিকার
(গ) ধর্মীয় অধিকার (ঘ) আইনগত অধিকার

৬২. একজন রোগীর স্বাস্থ্যসেবা পাওয়ার অধিকার– (উচ্চতর দক্ষতা)
(ক) রাজনৈতিক অধিকার (খ) আইনগত অধিকার
(গ) ধর্মীয় অধিকার ● সামাজিক অধিকার

## ➲ পাঠ-৪ : নাগরিকত্ব লাভের নিয়ম ➡ বোর্ড বই, পৃষ্ঠা ৬৯

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৬৩. নাগরিকত্ব কী? (জ্ঞান)
(ক) অধিকার ● জাতীয় পরিচয় (গ) কর্তব্য (ঘ) দায়িত্ব

৬৪. নাগরিকত্ব লাভের প্রধান উপায় কয়টি? [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
(ক) ১ ● ২ (গ) ৩ (ঘ) ৪

৬৫. জন্মস্থান নীতি কোথায় অনুসরণ করা হয়? (জ্ঞান)
(ক) ভারতে ● মার্কিন যুক্তরাষ্ট্রে (গ) বাংলাদেশে (ঘ) জাপানে

৬৬. কোন নীতি অনুযায়ী পিতামাতার নাগরিকত্ব দ্বারা সন্তানের নাগরিকত্ব নির্ধারণ করা হয়? (জ্ঞান)
(ক) জন্মস্থান নীতি (খ) অনুমোদনসূত্র (গ) দ্বিনাগরিকত্ব ● জন্মসূত্র নীতি

৬৭. নাগরিকত্ব অর্জনের ক্ষেত্রে পৃথিবীর বেশিরভাগ দেশ কোন নীতি অনুসরণ করে থাকে? (জ্ঞান)
● জন্মসূত্র নীতি (খ) জন্মস্থান নীতি
(গ) অনুমোদনসূত্র নীতি (ঘ) দ্বি–নাগরিকত্ব নীতি

৬৮. আবেদনের মাধ্যমে কোনো দেশের নাগরিকত্ব লাভ করাকে কী বলা হয়? (জ্ঞান)
(ক) জন্মসূত্রে নাগরিকত্ব লাভ (খ) জন্মস্থান নীতিতে নাগরিকত্ব লাভ
● অনুমোদনসূত্রে নাগরিকত্ব লাভ (ঘ) দ্বিনাগরিকত্ব সূত্রে নাগরিকত্ব লাভ

৬৯. একই ব্যক্তি দুটি দেশের নাগরিকত্ব লাভ করলে তাকে কী বলে? (জ্ঞান)
(ক) অনুমোদনসূত্রে নাগরিকত্ব ● দ্বিনাগরিকত্ব
(গ) বাইসাইক্লিক নাগরিকত্ব (ঘ) মাল্টি নাগরিকত্ব

৭০. অনুমোদনসূত্রে নাগরিকত্ব লাভের উপায় কী? (অনুধাবন)
(ক) অর্থ প্রদান ● শর্তপূরণ (গ) জমি ক্রয় (ঘ) বিবাহ

৭১. কোনো জাপানি বাবা–মায়ের সন্তান বাংলাদেশে জন্মগ্রহণ করলে কোন দেশের নাগরিক হবে? (জ্ঞান)
(ক) বাংলাদেশের (খ) চীনের ● জাপানের (ঘ) ভারতের

৭২. অনুমোদনসূত্রে নাগরিকতার শর্ত কয়টি? [মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর]
(ক) ৬ (খ) ৭ (গ) ৮ ● ৯

৭৩. কোনো বাংলাদেশি বাবা–মায়ের সন্তান আমেরিকায় জন্মগ্রহণ করলে সে কোন দেশের নাগরিক হবে? (অনুধাবন)
(ক) বাংলাদেশের (খ) আমেরিকার ● উভয় দেশের (ঘ) জাপানের

৭৪. দ্বি–নাগরিকত্ব লাভের জন্য ব্যক্তিকে অবশ্যই কী হতে হবে? [যশোর জিলা স্কুল]
● প্রাপ্ত বয়স্ক (খ) শিক্ষিত (গ) জমির মালিক (ঘ) বুদ্ধিমান

৭৫. কোনো বাংলাদেশি পিতামাতার সন্তান আমেরিকায় জন্মগ্রহণ করলে, সে কয়টি নাগরিকত্ব লাভ করবে? (অনুধাবন)
(ক) আমেরিকার নাগরিকত্ব ● দ্বি–নাগরিকত্ব
(গ) বাংলাদেশের নাগরিকত্ব (ঘ) যাযাবর পরিচিতি

৭৬. কোন দুটি নাগরিকতা অর্জনের স্বাভাবিক পদ্ধতি? (জ্ঞান)
(ক) জন্মসূত্র ও জন্মস্থান নীতি ● জন্মসূত্র ও অনুমোদনসূত্র
(গ) জন্মস্থান ও অনুমোদনসূত্র (ঘ) জন্মনীতি ও দ্বিনাগরিকত্ব

৭৭. কোন দেশটি দুইটি নাগরিকত্ব নীতি অনুসরণ করে? (জ্ঞান)
(ক) বাংলাদেশ ● আমেরিকা (গ) ভারত (ঘ) রাশিয়া

৭৮. নাগরিকতা অর্জনের ক্ষেত্রে বাংলাদেশে কোন নীতি অনুসরণ করা হয়? (জ্ঞান)
(ক) জন্মস্থান নীতি (খ) রাজনৈতিক সূত্র ● জন্মসূত্র নীতি (ঘ) দ্বি–নাগরিকত্ব

৭৯. আরোপিত শর্ত পালন করে একটি রাষ্ট্রে কোন ব্যক্তিকে বসবাস করতে হয়? (অনুধাবন)
(ক) জন্মসূত্রে নাগরিকত্ব লাভকারী
● অনুমোদনসূত্রে নাগরিকত্ব লাভকারী
(গ) জন্মস্থান নীতিতে নাগরিকত্ব লাভকারী
(ঘ) দ্বি–নাগরিকত্ব সূত্রে নাগরিকত্ব লাভকারী

৮০. বিদেশিরা এদেশের কোন অধিকার ভোগ করতে পারে না? [ডা. খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর]
(ক) মানবিক অধিকার (খ) নৈতিক অধিকার
(গ) সংহতি প্রকাশের অধিকার ● রাজনৈতিক অধিকার

৮১. রাষ্ট্রের পাশাপাশি জাহাজ বা দূতাবাসে শিশুর জন্ম কোন নাগরিকত্ব নীতির আওতায় পড়বে? (অনুধাবন)
(ক) জন্মসূত্র নীতি (খ) অনুমোদন সূত্র নীতি
● জন্মস্থান নীতি (ঘ) জন্মসূত্র নাগরিকত্ব নীতি

৮২. বাংলাদেশি পিতামাতার সন্তান জাপানে জন্মগ্রহণ করলেও বাংলাদেশের নাগরিকত্ব লাভ করে। এক্ষেত্রে নাগরিকতা নির্ধারণের কোন নীতি অনুসরণ করা হয়? (প্রয়োগ)
● জন্মসূত্র নীতি (খ) জন্মস্থান নীতি (গ) অনুমোদনসূত্রে (ঘ) দ্বি–নাগরিকত্ব

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৮৩. দ্বি–নাগরিকত্বের বৈশিষ্ট্যানুযায়ী নাগরিক ইচ্ছা করলে – (অনুধাবন)

i. একটি রাষ্ট্রের নাগরিকত্ব রাখতে পারে
ii. দুটি রাষ্ট্রের নাগরিকত্ব রাখতে পারে
iii. দুটি রাষ্ট্রের নাগরিকত্ব বাতিল করতে পারে
**নিচের কোনটি সঠিক?**
ক i ● i ও ii গ i ও iii ঘ i, ii ও iii

**৮৪. একজন বাংলাদেশি নাগরিক অস্ট্রেলিয়ায় গিয়ে বাস করলে সে হবে–** (অনুধাবন)
i. বিদেশি ii. অস্থায়ী বাসিন্দা iii. প্রবাসী
**নিচের কোনটি সঠিক?**
ক i খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**৮৫. একই ব্যক্তি দুটি দেশের নাগরিকত্ব লাভ করলে তাকে বলা হয়–** (অনুধাবন)
i. দ্বৈত নাগরিকত্ব ii. অনুমোদনসূত্রে নাগরিকত্ব
iii. জন্মসূত্রে নাগরিকত্ব
**নিচের কোনটি সঠিক?**
● i খ ii গ iii ঘ ii ও iii

**৮৬. বাংলাদেশের নাগরিকত্ব নির্ধারণ হয় যে পদ্ধতিতে–** [আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা]
i. জন্মসূত্রে ii. অনুমোদন সূত্রে
iii. বৈদেশিক সূত্রে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৮৭. অনুমোদনসূত্রে কোনো রাষ্ট্রের নাগরিকত্ব লাভ করা যায়–** (অনুধাবন)
i. ঐ রাষ্ট্রের সম্পত্তি ক্রয় করলে ii. ঐ রাষ্ট্রে দীর্ঘদিন বাস করলে
iii. ঐ রাষ্ট্রের ভাষা জানলে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**৮৮. অনুমোদনসূত্রে নাগরিকত্ব লাভের শর্ত হলো–** (উচ্চতর দক্ষতা)
i. বিবাহ, সম্পত্তি ক্রয়, দীর্ঘদিন বসবাস
ii. চাকরি, ভাষাজ্ঞান, সেনাবাহিনীতে চাকরি
iii. ভালো চরিত্র, দক্ষতা, রাজনৈতিক আশ্রয়
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii গ i ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৮৯ ও ৯০ নং প্রশ্নের উত্তর দাও :**
প্রত্যেক চীনা নাগরিকের সামরিক প্রশিক্ষণ বাধ্যতামূলক। নারী–পুরুষ সবাই রাষ্ট্রের ভবিষ্যৎ নিরাপত্তার স্বার্থে এ প্রশিক্ষণ নিয়ে থাকে। তাছাড়া জনসংখ্যার বিস্ফোরণ ঠেকাতে তারা সরকারের ঘোষিত এক সন্তান নীতি আন্তরিকতার সজো পালন করে। সেখানে নাগরিকরা নানা সুবিধা ভোগ করে।

**৮৯. অনুচ্ছেদে কোন বিষয়টি ফুটে উঠেছে?** (প্রয়োগ)
● নাগরিক অধিকার, দায়িত্ব ও কর্তব্য খ বাধ্যতামূলক আনুগত্য
গ দায়িত্ব ও কর্তব্য ঘ নাগরিক অধিকার

**৯০. অনুচ্ছেদের আলোকে চীনের নাগরিকরা কী ধরনের নাগরিক সুবিধা পেয়ে থাকে?** (উচ্চতর দক্ষতা)
i. রাষ্ট্রীয় নিরাপত্তা ii. সামরিক প্রশিক্ষণ
iii. নাগরিক সুবিধা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৯১ ও ৯২ নং প্রশ্নের উত্তর দাও :**
খোকন সাহেব একজন বাংলাদেশি। তিনি যুক্তরাষ্ট্রের একটি সামুদ্রিক জাহাজের মেরিন ইঞ্জিনিয়ার। জাহাজে তার সাথে তার স্ত্রীও থাকেন। সেখানে তাদের একটি সন্তান হয়। [শেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

**৯১. খোকন সাহেবের সন্তানটি যে নাগরিকত্ব পাবে সেটাকে কী বলা হয়?**
● দ্বি–নাগরিকত্ব খ বহুনাগরিকত্ব
গ এককেন্দ্রিক নাগরিক ঘ জন্মস্থান নীতি নাগরিকত্ব

**৯২. অনুচ্ছেদের আলোকে খোকন সাহেবের সন্তানটি–**
i. বাংলাদেশের নাগরিক ii. যুক্তরাজ্যের নাগরিক
iii. যুক্তরাষ্ট্রের নাগরিক
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**➲ পাঠ-৫ : দেশের উন্নয়নে নাগরিকের ভূমিকা ➠** বোর্ড বই, পৃষ্ঠা-৭১

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৯৩. নাগরিকদের সুনাগরিক হওয়ার ওপর কী নির্ভরশীল?** (উচ্চতর দক্ষতা)
ক রাষ্ট্রের ক্ষতি ● রাষ্ট্রের উন্নতি গ রাষ্ট্রের বিস্তৃতি ঘ রাষ্ট্রের সংকোচন

**৯৪. কোনটি ছাড়া রাষ্ট্রের অস্তিত্ব ভাবা যায় না?** (জ্ঞান)
ক শিক্ষা ● নাগরিক গ মনুষত্ব ঘ বিবেক

**৯৫. আধুনিক গণতান্ত্রিক রাষ্ট্রে সব ক্ষমতার অধিকারী কে?**
● জনগণ খ রাষ্ট্র গ সরকার ঘ প্রধানমন্ত্রী

**৯৬. নাগরিকের সব অধিকারের উৎস কোনটি?** (জ্ঞান)
ক সমাজ খ সরকার ● রাষ্ট্র ঘ পরিবার

**৯৭. কোন রাষ্ট্রের জনগণ ভোট দিয়ে একটি দলকে নির্দিষ্ট সময়ের জন্য সরকার গঠনে সহায়তা করে?** (জ্ঞান)
ক সমাজতান্ত্রিক খ একনায়কতান্ত্রিক গ এককেন্দ্রিক ● গণতান্ত্রিক

**৯৮. কোনটি নাগরিকের কর্তব্যের অন্তর্ভুক্ত?** (অনুধাবন)
● ভোট দেয়া খ কাজ করা
গ আইন মেনে না চলা ঘ মতামত প্রকাশ করা

**৯৯. জনগণের ভোটাধিকার কোন ধরনের অধিকার?** (অনুধাবন)
ক মৌলিক খ ধর্মীয় ● নাগরিক ঘ সামাজিক

**১০০. বাংলাদেশের নাগরিক হিসেবে আমরা কোথা থেকে বিভিন্ন অধিকার ভোগ করি?** (জ্ঞান)
ক শিক্ষাপ্রতিষ্ঠানের কাছ থেকে খ এলাকার কাছ থেকে
গ সমাজের কাছ থেকে ● দেশের কাছ থেকে

**১০১. রাষ্ট্রের সাথে কার সম্পর্ক অবিচ্ছেদ্য?** [নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ক ছাত্রের খ শিক্ষকের ● নাগরিকের ঘ প্রবাসীর

**১০২. রাষ্ট্রের উন্নয়নে কার ভূমিকা রয়েছে?** [শামসুল হক খান স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ক দেশের ● নাগরিকের গ সরকারের ঘ ডাক্তারের

**১০৩. "নাগরিক জীবনের বহুমুখী প্রয়োজনে রাষ্ট্র গড়ে উঠেছে এবং উন্নত জীবন বিধানের লক্ষ্যে রাষ্ট্র টিকে আছে"– এরিস্টটলের এ মন্তব্য দ্বারা রাষ্ট্র ও নাগরিকের অবস্থান কোনটির সাথে সামঞ্জস্যপূর্ণ?** (প্রয়োগ)
● রাষ্ট্রের সজো নাগরিকের সম্পর্ক অবিচ্ছেদ্য
খ রাষ্ট্র নাগরিক প্রতিযোগিতার বন্ধনে আবদ্ধ
গ নাগরিক ও রাষ্ট্র স্বতন্ত্র অবস্থানে অবস্থিত
ঘ রাষ্ট্র ও নাগরিক বিপরীতমুখী অবস্থানে আবদ্ধ

**১০৪. রাষ্ট্রের প্রতি নাগরিকের দায়িত্ব ও কর্তব্য পালন কীসের ফল?** (উচ্চতর দক্ষতা)
● অধিকার ভোগের খ সার্বভৌমত্ব লাভের
গ নাগরিকত্ব লাভের ঘ আনুগত্যের

**১০৫. রাষ্ট্রের নাগরিকরা নিজেদের দায়িত্ব ও কর্তব্য সঠিকভাবে পালন করার ফলাফল কী?** (উচ্চতর দক্ষতা)
ক দেশের নিরাপত্তা বিঘ্নিত হবে খ দেশের ক্রমেই অবনতি হবে
গ দেশের উন্নয়ন বাধাগ্রস্ত হবে ● দেশ দ্রুত উন্নতির দিকে এগিয়ে যাবে

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১০৬. রাষ্ট্রের সামগ্রিক উন্নয়নে নাগরিকের যে গুণগুলো অত্যাবশ্যকীয়–** (অনুধাবন)
i. সততা ii. দক্ষতা iii. সরলতা
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii ● i ও ii ঘ i, ii ও iii

**১০৭. একটি দেশ উন্নতির দিকে যাবে–** (উচ্চতর দক্ষতা)
i. রাষ্ট্রের উন্নয়নে নাগরিকরা ভূমিকা রাখলে
ii. দেশের নাগরিকরা ভালো হলে
iii. নাগরিকরা দেশের কাছ থেকে অধিকার ভোগ করলে
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii ● i ও ii ঘ i ও iii

**১০৮. নাগরিকদের যথাযথ ভূমিকা পালনের ওপর নির্ভর করে–**
[যশোর জিলা স্কুল; বনশ্রী আইডিয়াল স্কুল, ঢাকা]
i. রাষ্ট্রের শাসন পরিচালনা ii. সুশাসন প্রতিষ্ঠা ও উন্নয়ন
iii. বৈদেশিক সম্পর্ক
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১০৯ ও ১১০ নং প্রশ্নের উত্তর দাও :**

ভারতে পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনে ২০১১ সালে তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জীর নিকট বাম মোর্চার নেতা বুদ্ধদেব বসু বিপুল ভোটে পরাজিত হন। বাম মোর্চার দীর্ঘদিনের দুর্গ বলে পরিচিত পশ্চিমবঙ্গের জনরায় যায় বর্তমান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পক্ষে।

**১০৯. পশ্চিমবঙ্গে বুদ্ধদেব বসুর পরাজয় কীসের ইঙ্গিত বহন করে?** (প্রয়োগ)
● জনগণের সার্বভৌম ক্ষমতা ⓖ জনগণের স্বেচ্ছাচারী ৰমতা
ⓖ মমতার সাংগঠনিক ক্ষমতা ⓘ বুদ্ধদেব বসুর অৰমতা

**১১০. বিধানসভা নির্বাচনে রায় পরিবর্তনের ৰেত্রে নাগরিকের ভূমিকা ছিল—** (উচ্চতর দৰতা)
i. সার্বভৌমত্বের অপব্যবহার
ii. রাষ্ট্রীয় উন্নয়নে দায়িত্ব পালন
iii. নাগরিকের কর্তব্য পালন
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓖ i ও iii ● ii ও iii ⓘ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১১১, ১১২ ও ১১৩ নং প্রশ্নের উত্তর দাও :**
করিম সাহেব ও ইফতি সাহেব পাশাপাশি ব্যবসা করেন। করিম সাহেব নিয়মিত কর দেন, নিয়মিত সরকারি ব্যবসায়ের লাইসেন্স নবায়ন করেন। কিন্তু ইফতি সাহেব কর ফাঁকি দেন, ব্যবসায়ের লাইসেন্স নবায়ন করে না এমনকি অবৈধ জিনিসের ব্যবসাও করেন। [খুলনা জিলা স্কুল]

**১১১. করিম সাহেবকে কী বলা যায়?**
● সুনাগরিক ⓖ দ্বৈত নাগরিক
ⓖ কল্যাণকর মানুষ ⓘ আইন মান্যকারী

**১১২. করিম সাহেবের মতো যদি কোনো রাষ্ট্রের বেশিরভাগ নাগরিক হয় তবে–**
i. রাষ্ট্রের উন্নতি হবে
ii. রাষ্ট্রের সুশাসন প্রতিষ্ঠিত হবে
iii. রাষ্ট্রটি হুমকির সম্মুখীন হবে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**১১৩. ইফতি সাহেবের মধ্যে যে সকল গুণের অভাব রয়েছে তা হলো–** (উচ্চতর দৰতা)
i. দায়িত্ববোধের ii. ব্যবসায়ের
iii. সুনাগরিকতার
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

# সৃজনশীল প্রশ্ন ও উত্তর

## ■ মাস্টার ট্রেইনার প্রণীত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন– ১** রাষ্ট্রের ধারণা

সৌমিকের দেশটি একটি স্বাধীন দেশ। এদেশে মন্ত্রিপরিষদ বা সংসদীয় সরকারব্যবস্থা বিদ্যমান। দেশটিতে গণতান্ত্রিক সরকারব্যবস্থা প্রচলিত এবং সরকার জনগণের সরাসরি ভোটে নির্বাচিত হয়। এছাড়া সরকারের সকল নিয়মকানুন ও আদেশ–নিষেধ জনগণ মেনে চলে। ১৯৭১ সালের ১০ এপ্রিল দেশটির প্রথম সরকার গঠিত হয়েছিল।
[সরকারি মুসলিম উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম; বীণাপাণি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

ক. রাষ্ট্র কী? ১
খ. নাগরিক বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে সৌমিক যে দেশের নাগরিক সেটির ভূখণ্ডগত ভৌগোলিক অবস্থান বর্ণনা কর। ৩
ঘ. তুমি কি মনে কর সৌমিকের দেশটি একটি রাষ্ট্র? পাঠ্যবইয়ের আলোকে তা ব্যাখ্যা কর। ৪

### ১ নং প্রশ্নের উত্তর

**ক** রাষ্ট্র হলো জনসমষ্টি, ভূখণ্ড, সরকার ও সার্বভৌমত্বের সমষ্টি।

**খ** রাষ্ট্রের সদস্য হিসেবে যেকোনো ব্যক্তিই নাগরিক হিসেবে গণ্য। নাগরিককে রাষ্ট্রের স্থায়ী বাসিন্দা হতে হবে আর রাষ্ট্রের প্রতি অনুগত থাকতে হবে। রাষ্ট্রের কল্যাণ চিন্তা করতে হবে। তাছাড়া রাষ্ট্রের একজন নাগরিকের যেমন রয়েছে সামাজিক ও রাজনৈতিক অধিকার তেমনি রয়েছে দায়িত্ব ও কর্তব্য।

**গ** উদ্দীপকে উলিৱখিত সৌমিকের দেশের নাম হলো বাংলাদেশ। বাংলাদেশ একটি স্বাধীন দেশ। এ দেশটির মন্ত্রিপরিষদ বা সংসদীয় সরকারব্যবস্থা ও গণতান্ত্রিক সরকারব্যবস্থা প্রচলিত আছে। এ দেশের সরকার জনগণের সরাসরি ভোটে নির্বাচিত হয়। ১৯৭১ সালের ১০ এপ্রিল দেশটির প্রথম সরকার গঠিত হয়েছিল। অতএব, উদ্দীপকের সৌমিকের দেশটি হলো বাংলাদেশ। এর একটি নির্দিষ্ট ভূখণ্ড আছে এবং এর আয়তন ১,৪৭,৫৭০ বর্গ কিলোমিটার বা ৫৬,৯৭৭ বর্গমাইল। উত্তরে ভারত ও দৰিণে বঙ্গোপসাগর, পূর্বে ভারত ও মিয়ানমার, পশ্চিমে ভারতের পশ্চিমবঙ্গ পর্যন্ত বিস্তৃত। অসংখ্য নদনদী, হাওড়, পাহাড়, বনভূমি ও বিস্তৃত সমভূমি নিয়ে ভূখণ্ডটি গঠিত।

**ঘ** হ্যাঁ, আমি মনে করি সৌমিকের দেশ তথা বাংলাদেশ একটি রাষ্ট্র। বাংলাদেশের একটি নির্দিষ্ট ভূখণ্ড আছে এবং তা ১,৪৭,৫৭০ বর্গকিলোমিটার বা ৫৬,৯৭৭ বর্গমাইল। বাংলাদেশের রয়েছে বিশাল জনগোষ্ঠী। জনসংখ্যার পরিমাণ ১৪ কোটি ৯৭ লৰ ৭২ হাজার ৩৬৪ জন। একটি নির্বাচিত সরকার রয়েছে। সরকারের সকল নিয়মকানুন ও আদেশ–নিষেধ জনগণ মেনে চলে। বাংলাদেশ ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর পাকিস্তান থেকে স্বাধীনতা লাভ করে সার্বভৌমত্ব অর্জন করে। এ ৰমতার দ্বারা সরকার দেশের সকল জনগণকে নিয়ন্ত্রণ করে ও অন্য দেশের নিয়ন্ত্রণমুক্ত রেখে দেশ শাসন করে। সার্বভৌমত্ব বাংলাদেশ রাষ্ট্রের চূড়ান্ত ৰমতা। সুতরাং সৌমিকের দেশ বাংলাদেশ একটি রাষ্ট্র। একটি রাষ্ট্রের যেসব উপাদানগুলো থাকা প্রয়োজন তার সবগুলোই সৌমিকের দেশটিতে রয়েছে। ফলে এটি একটি রাষ্ট্র হিসেবে পরিচিতি লাভ করেছে।

**প্রশ্ন– ২** দেশের উন্নয়নে নাগরিকের ভূমিকা

আমেরিকার প্রথম কৃষ্ণাঙ্গ প্রেসিডেন্ট বারাক ওবামা এক ভাষণে বলেন, 'আমি কোনো পরিবর্তন করতে পারি না। পরিবর্তন যেটা করতে পারেন সেটা আপনারা'। রাষ্ট্রের সামগ্রিক কল্যাণের জন্য তিনি আমেরিকার নাগরিকদের সহযোগিতা কামনা করেন। ডেমোক্রেট প্রার্থী হিসেবে রিপাবলিকানদের আট বছরের রাষ্ট্র শাসনের ব্যর্থতার জন্য জনরায়ে তিনি প্রেসিডেন্ট নির্বাচিত হন।

ক. নাগরিক কাকে বলে? ১
খ. বাংলাদেশকে একটি রাষ্ট্র বলার কারণ কী? ২
গ. নির্বাচনে বারাক ওবামার বিজয় কীসের ইঙ্গিত বহন করে? ৩
ঘ. বারাক ওবামার ভাষণে রাষ্ট্রের সঙ্গে নাগরিকের সম্পর্কের চিত্র ফুটে উঠেছে– আলোচনা কর। ৪

### ২ নং প্রশ্নের উত্তর

**ক** রাষ্ট্রের স্থায়ী অধিবাসীকে বলা হয় নাগরিক।

**খ** রাষ্ট্র গঠনের মূল উপাদান চারটি। এগুলো হলো জনগোষ্ঠী, ভূখণ্ড, সরকার এবং সার্বভৌমত্ব। বাংলাদেশের জনসংখ্যা ১৪ কোটি ৯৭ লক্ষ ৭২ হাজার ৩৬৪ জন। আয়তন ১,৪৭,৫৭০ বর্গকিলোমিটার বা ৫৬,৯৭৭ বর্গমাইল। সরকারব্যবস্থা সংসদীয়, যার নাম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। আর এটি সার্বভৌম ক্ষমতার অধিকারী। সুতরাং রাষ্ট্র গঠনের সবগুলো উপাদান থাকার কারণে বাংলাদেশকে একটি রাষ্ট্র বলা হয়।

**গ** নির্বাচনে বারাক ওবামার বিজয় নাগরিকের রাজনৈতিক ক্ষমতার ইঙ্গিত বহন করে। আধুনিক রাষ্ট্রে নাগরিকের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। আধুনিক গণতান্ত্রিক রাষ্ট্রে জনগণই সব রাষ্ট্রীয় ক্ষমতার মালিক। গণতান্ত্রিক রাষ্ট্রে জনগণ ভোট দিয়ে একটি দলকে নির্দিষ্ট সময়ের জন্য সরকার গঠনে সহায়তা করে। সরকার যদি দেশের জন্য কল্যাণকর

কোনো কাজ না করে তাহলে জনগণ পরবর্তী সময়ে ঐ দলকে আর ভোট দেয় না। উদ্দীপকে আমরা দেখতে পাই, আট বছরের রাষ্ট্র শাসনে ব্যর্থতার জন্য রিপাবলিকানরা যে প্রার্থী দেয় তার পরাজয় ঘটে। ডেমোক্রেট প্রার্থী হিসেবে বারাক ওবামার বিজয় ঘটে। অর্থাৎ দেশ শাসনে ব্যর্থতার কারণে জনগণ রাজনৈতিক বা রাষ্ট্রীয় ক্ষমতা প্রয়োগ করে রিপাবলিকানদের পরাজিত করেছে। অন্যদিকে বারাক ওবামাকে বিজয়ী করেছে এ একই ক্ষমতার মাধ্যমে। সুতরাং বলা যায়, নির্বাচনে বারাক ওবামার বিজয় জনগণ বা নাগরিকের রাজনৈতিক ক্ষমতার ইঙ্গিত বহন করে।

**ঘ** বারাক ওবামার ভাষণে রাষ্ট্রের সঙ্গে নাগরিকের সম্পর্কের স্পষ্ট চিত্র ফুটে উঠেছে। রাষ্ট্রের সঙ্গে নাগরিকের সম্পর্ক অবিচ্ছেদ্য। রাষ্ট্রের সুশাসন প্রতিষ্ঠা ও উন্নয়নসহ সবকিছু নির্ভর করে নাগরিকের সততা, দক্ষতা তথা নাগরিক হিসেবে যথাযথ ভূমিকা পালনের ওপর। দেশের উন্নয়নের দায়িত্ব সরকারের একার নয়, নাগরিকেরও। উদ্দীপকে বারাক ওবামার ভাষণটি বিশেরষণ করলে আমরা দেখতে পাই, সেখানে জনগণের ওপরই রাষ্ট্রীয় পরিবর্তনের দায়িত্ব বর্তানো হয়েছে। তার এ ভাষণে তিনি স্পষ্টভাবেই জনগণকে তাদের ক্ষমতা সম্পর্কে সচেতনপূর্বক সহযোগিতা কামনা করেছেন। তার ভাষণে জনগণের অধিকার বা ক্ষমতার পাশাপাশি কর্তব্যের বিষয়টি উঠে এসেছে। সুতরাং বলা যায় যে, বারাক ওবামার ভাষণে রাষ্ট্রের সঙ্গে নাগরিকের সম্পর্কের স্পষ্ট চিত্র ফুটে উঠেছে।

## প্রশ্ন– ৩ ▸▸

রাষ্ট্র হিসেবে বাংলাদেশ

মেহেরপুরের আয়তন ৭১২ বর্গকিলোমিটার। ১৯৭১ সালের ১০ই এপ্রিল বঙ্গবন্ধুকে রাষ্ট্রপ্রধান করে গঠিত হয় বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার। ৯ মাসের রক্তক্ষয়ী স্বাধীনতা সংগ্রামের পর গঠিত হয় স্বাধীন সার্বভৌম বাংলাদেশ রাষ্ট্র। আর তখনই সরকার সার্বভৌম ৰমতা লাভ করে।

?
- ক. বাংলাদেশের আয়তন কত? ১
- খ. যাযাবরদের কি রাষ্ট্র আছে? ২
- গ. উদ্দীপকে বর্ণিত সরকার কোন ধরনের সরকার ছিল? ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকের ঘটনাবলিতে প্রমাণিত হয় রাষ্ট্র গঠনে সার্বভৌমত্ব অবশ্যই প্রয়োজন– আলোচনা কর। ৪

### ৩ নং প্রশ্নের উত্তর

**ক** বাংলাদেশের আয়তন ১,৪৭,৫৭০ বর্গকিলোমিটার।

**খ** যাযাবরদের কোনো নির্দিষ্ট ভূখণ্ড নেই বলে তাদের রাষ্ট্র নেই। জনসংখ্যার স্থায়ীভাবে বসবাসের জন্য দরকার ভূখণ্ড। ভূখণ্ড ছাড়া রাষ্ট্র হতে পারে না। যারা অস্থায়ীভাবে নানা জায়গায় বাস করে তাদের বলে যাযাবর। যেহেতু রাষ্ট্র গঠনের অন্যতম শর্ত নির্দিষ্ট ভূখণ্ড। আর তাই যাযাবরদের নির্দিষ্ট ভূখণ্ড না থাকায় যাযাবরদের কোনো রাষ্ট্র নেই।

**গ** উদ্দীপকে বর্ণিত সরকার হলো ১৯৭১ সালের ১০ই এপ্রিল গঠিত মুজিবনগর সরকার যা ছিল একটি অস্থায়ী সরকার। রাষ্ট্র গঠনে তৃতীয় গুরুত্বপূর্ণ উপাদান হলো সরকার। সরকারের মাধ্যমে রাষ্ট্র সব কাজ করে থাকে। নিয়মকানুন আরোপ করে এবং জনগণকে পরিচালনা করে। জনগণ সরকারকে মেনে চলে। সরকারের প্রতি আনুগত্য প্রকাশ করে। উদ্দীপকে উলেরখ্য মুজিবনগর সরকার গঠিত হয় অস্থায়ীভাবে ১৯৭১ সালের ১০ই এপ্রিল। যুদ্ধকালীন এ সরকারের নির্দেশে জনগণের সামগ্রিক কর্মকাণ্ড নিয়ন্ত্রিত ও পালিত হয়েছে। বাংলার জনগণ এ সরকারের প্রতি আনুগত্য প্রদর্শনপূর্বক এর সব নির্দেশই মেনে চলেছে। কিন্তু এ সরকারের কোনো সাংবিধানিক স্বীকৃতি ছিল না অর্থাৎ সার্বভৌম ক্ষমতা ছিল না। সুতরাং আমরা বলতে পারি, মুজিবনগর সরকার ছিল একটি অস্থায়ী সরকার।

**ঘ** উদ্দীপকে দেখা যায় ১৯৭১ সালের ১০ এপ্রিল মুজিব নগরে অস্থায়ী সরকার গঠিত হয়। যুদ্ধকালীন অস্থায়ী মুজিবনগর এ সরকারের নির্দেশে দেশের স্থায়ী জনসমষ্টি অর্থাৎ নাগরিকেরা নিয়ন্ত্রিত বা পরিচালিত হলেও বাংলাদেশ রাষ্ট্র ছিল না। কেননা, রাষ্ট্রের সাংবিধানিক অর্থাৎ সার্বভৌম ক্ষমতা ছিল না। কিন্তু রক্তক্ষয়ী সংগ্রামে বিজয় লাভের পর গঠিত অস্থায়ী সরকার সংবিধান প্রণয়নের মাধ্যমে সাংবিধানিক অর্থাৎ সার্বভৌম ক্ষমতা লাভ করে। সুতরাং উদ্দীপকের ঘটনাবলিতে প্রমাণিত হয়, রাষ্ট্র গঠনে সার্বভৌমত্ব অবশ্যই প্রয়োজন।

## প্রশ্ন– ৪ ▸▸

নাগরিক ও নাগরিকত্বের ধারণা

রহিম মিঞা মানিকগঞ্জের কোটালী গ্রামের বাসিন্দা। তার বংশধররা এক সময় ভারতের অধিবাসী ছিলেন। দেশভাগের পর তার বাবা মানিকগঞ্জে বসতি গড়েন। তিনি এখন বাংলাদেশের নাগরিক। নাগরিক হিসেবে তিনি বিভিন্ন ধরনের অধিকার ভোগ করেন। গ্রামে রহিম মিঞার ব্যবসা আছে।

?
- ক. গণতন্ত্রের অর্থ কী? ১
- খ. সামাজিক অধিকার বলতে কী বোঝায়? ২
- গ. বাংলাদেশের একজন নাগরিক হিসেবে রহিম মিঞা যেসব অধিকার ভোগ করছেন সেগুলো ব্যাখ্যা কর। ৩
- ঘ. "রহিম মিয়া বর্তমানে ভারতে গেলে উক্ত সুবিধাদি পাবেন না" ব্যক্তব্যটি বিশেরষণ কর। ৪

### ৪ নং প্রশ্নের উত্তর

**ক** গণতন্ত্রের অর্থ হলো জনগনের শাসন।

**খ** সমাজে সুখী ও সুন্দরভাবে বসবাস করার জন্য নাগরিক যেসব অধিকার ভোগ করে, সেগুলোকে সামাজিক অধিকার বলা হয়। যেমন : চলাফেরা করার অধিকার, জীবনধারণের অধিকার, মতামত প্রকাশের অধিকার ইত্যাদি।

**গ** বাংলাদেশের একজন নাগরিক হিসেবে উদ্দীপকের রহিম মিঞা সামাজিক ও রাজনৈতিক এ দুই ধরনের অধিকার ভোগ করে থাকেন। রাষ্ট্রের নাগরিক হিসেবে কোনো ব্যক্তি সামাজিক এবং রাজনৈতিক দুই ধরনের অধিকার ভোগ করতে পারেন। জীবনধারণ, চলাফেরা, ধর্মীয় ইত্যাদি বিষয় সামাজিক অধিকার। স্থায়ীভাবে বসবাস, নির্বাচন, নিরাপত্তা সরকারি চাকরি প্রভৃতি রাজনৈতিক অধিকার। উদ্দীপকের রহিম মিঞা নাগরিক হিসেবে রাষ্ট্রের বিভিন্ন প্রকার অধিকার ভোগ করেন যেমন : জীবনধারণ, স্থায়ীভাবে বসবাস, ব্যবসা-বাণিজ্যসহ অনেক অধিকার ভোগ করেন। যেগুলো সামাজিক এবং রাজনৈতিক অধিকারের অন্তর্ভুক্ত।

**ঘ** রহিম মিয়া বর্তমানে ভারতে গেলে উক্ত সুবিধাদি পাবেন না। একটি রাষ্ট্রে যারা স্থায়ীভাবে বসবাস করে এবং রাষ্ট্রের প্রতি অনুগত থাকে তারাই নাগরিক। আর একটি দেশে নিজ দেশের অধিবাসী ছাড়াও ভিন্ন দেশের যেসব লোক বাস করে তারাই বিদেশি। বিদেশিদের রাষ্ট্রের প্রতি অনুগত থাকতে হয় না। রাষ্ট্রে নাগরিকের যেমন রয়েছে সামাজিক এবং রাজনৈতিক অধিকার তেমনি রয়েছে দায়িত্ব ও কর্তব্য। কিন্তু একজন বিদেশির এসব দায়বদ্ধতা নেই। উদ্দীপকের রহিম মিঞা বর্তমানে বাংলাদেশের নাগরিক। ভারত গেলে তিনি হবেন বিদেশি, তাই সেখানে তিনি বাংলাদেশে প্রাপ্ত সুবিধাদি পাবেন না।

## প্রশ্ন– ৫ ▸▸

নাগরিকতা লাভের নিয়ম

নুসরাত রহমান বাংলাদেশ কেমিক্যালস্ ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনে চাকরি করেন। কয়েক বছর ধরেই তিনি সামাজিক ওয়েবসাইট টুইটারের মাধ্যমে ভারতীয় নাগরিক কামাল ইউসুফের সাথে নিয়মিত যোগাযোগ করে আসছেন। গত মাসে তিনি ভারতে গিয়ে ইউসুফকে বিয়ে করেন।

?
- ক. নাগরিকতা অর্জনের প্রধান পদ্ধতি কয়টি? ১
- খ. রাষ্ট্রের প্রথম উপাদান হিসেবে জনসমষ্টির ভূমিকা

কীরূপ? ২

গ. উদ্দীপকের নুসরাত রহমানের সন্তান হলে উক্ত সন্তান কোন দেশের নাগরিক হবে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের নুসরাত রহমান কোন কোন শর্ত পূরণ করে ভারতের নাগরিকত্ব পেতে পারেন? বর্ণনা কর। ৪

## ৫ নং প্রশ্নের উত্তর

**ক** নাগরিকতা অর্জনের প্রধান পদ্ধতি দুইটি।

**খ** রাষ্ট্রের প্রথম উপাদান হিসেবে জনসমষ্টির ভূমিকা ব্যাপক। জনগণ হলো রাষ্ট্রের প্রাণ। জনসমষ্টি ছাড়া রাষ্ট্র গঠিত হতে পারে না। একটি রাষ্ট্র গঠন ও পরিচালনা সবকিছু জনসমষ্টির মাধ্যমে নিয়ন্ত্রিত হয়। এটি রাষ্ট্রের অন্যতম একটি গুরবত্বপূর্ণ উপাদান।

**গ** উদ্দীপকের নুসরাত রহমানের সন্তান হলে উক্ত সন্তান জন্মসূত্রের জন্মস্থান নীতি অনুযায়ী ভারতের নাগরিক হবে। জন্মস্থান নীতি অনুযায়ী মা–বাবা যে দেশেরই হোক না কেন সন্তান যে দেশে জন্মগ্রহণ করবে সে ঐ দেশের নাগরিক হবে। জন্মস্থান নীতি জন্মস্থানের ওপর নির্ভর করে। এ নীতি অনুযায়ী বাংলাদেশের মা–বাবার কোনো সন্তান আমেরিকায় জন্মগ্রহণ করলে সে আমেরিকার নাগরিক হবে এবং সে দেশের নাগরিকত্ব লাভ করবে। উদ্দীপকের নুসরাত রহমানের সন্তানও ভারতের নাগরিকত্ব অর্জন করবে। নুসরাত রহমান বাংলাদেশের নাগরিক হয়ে ভারতের নাগরিক কামাল ইউসুফকে বিয়ে করেছেন। অর্থাৎ তিনি অনুমোদনসূত্রে সে দেশের নাগরিকত্ব পাবেন। আবার, তার সন্তান জন্মসূত্রে পিতার রাষ্ট্রের নাগরিকত্ব অর্জন করবে। তাই নুসরাত রহমানের সন্তান জন্মস্থান নীতি অনুযায়ী ভারতের নাগরিকত্ব লাভ করবে। তাই বলা যায়, নুসরাত রহমানের সন্তান জন্মসূত্রে ভারতের নাগরিক হবে।

**ঘ** উদ্দীপকের নুসরাত রহমান অনুমোদনসূত্রে ভারতের নাগরিকত্ব অর্জন করতে পারেন। অনুমোদনসূত্রে এক দেশের নাগরিক অন্য দেশের নাগরিক হওয়ার জন্য আবেদন করতে পারে। অনুমোদনসূত্রে এখন এক রাষ্ট্রের নাগরিক সহজেই অন্য একটি বা একাধিক রাষ্ট্রের নাগরিক হতে পারছেন। উদ্দীপকের নুসরাত রহমান অনুমোদনসূত্রে নাগরিকতা অর্জনের শর্তসমূহের যেকোনো এক বা একাধিক শর্ত পূরণ করে ভারতের নাগরিক হতে পারেন। তিনি ইতোমধ্যে ভারতের নাগরিকত্ব অর্জন করার ৰেত্রে বিবাহের শর্তটি পূরণ করেছেন। ভারতের ইউসুফকে বিয়ে করে তিনি ভারতের নাগরিকত্ব অর্জন করার একটি শর্ত পূরণ করেছেন। অনুমোদনসূত্রে নাগরিকত্ব লাভের আরও কিছু শর্ত রয়েছে যেগুলোর কোনো এক বা একাধিক শর্ত পূরণ করে যেকোনো ব্যক্তি নুসরাত রহমানের মতো ভারতের নাগরিক হতে পারেন। এসব শর্তের মধ্যে রয়েছে– ১. ঐ রাষ্ট্রে সম্পত্তি ক্রয়, ২. ঐ রাষ্ট্রে দীর্ঘদিন ধরে বসবাস করা, ৩. ঐ রাষ্ট্রে চাকরি করা, ৪. ঐ দেশের ভাষা জানা, ৫. ভালো চরিত্রের অধিকারী হওয়া ৬. উচ্চতর দৰতার অধিকারী হওয়া ইত্যাদি। অনুমোদনসূত্রে নাগরিকত্ব লাভকারী নুসরাত রহমান উক্ত শর্তগুলোর এক বা একাধিক শর্ত পূরণ করলেই ভারতের নাগরিকত্ব অর্জন করতে পারেন।

**প্রশ্ন– ৬ ▸▸** নাগরিকত্ব লাভের নিয়ম

সাব্বির সাহিদার স্বামী। তারা বাংলাদেশের নাগরিক। সায়মা নামে তাদের একটি সন্তান আছে। এই দম্পতি মার্কিন যুক্তরাষ্ট্রে গমন করেন। সেখানে রাইসা এবং রাফসানের জন্ম হওয়ায় তারা মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব লাভ করে। পরে সাব্বির ও সাহিদা সে দেশের নাগরিকত্ব অর্জন করে। কিন্তু সায়মা সেদেশের নাগরিকতা লাভ করেনি।

ক. দ্বি–নাগরিকত্ব কী? ১

খ. নাগরিকত্ব লাভের নিয়ম ব্যাখ্যা কর। ২

গ. বাংলাদেশের নাগরিক হওয়া সত্ত্বেও সায়মা কীভাবে মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক হতে পারবে? ৩

ঘ. রাইসা ও রাফসান দ্বি–নাগরিকত্বের অধিকারী — ব্যাখ্যা কর। ৪

## ৬ নং প্রশ্নের উত্তর

**ক** একই ব্যক্তি দুটি দেশের নাগরিকত্ব লাভ করলে তাকে দ্বি–নাগরিকত্ব বলে।

**খ** নাগরিকত্ব হলো রাষ্ট্রের অধিবাসী বা ব্যক্তির জাতীয় পরিচয়। রাষ্ট্রকে কেন্দ্র করে ব্যক্তি এ পরিচয় লাভ করে। নাগরিকত্ব লাভের দুটি প্রধান উপায় হলো : ১. জন্মসূত্রে নাগরিকত্ব লাভ

২. অনুমোদনসূত্রে নাগরিকত্ব লাভ

**গ** বাংলাদেশের নাগরিক হওয়া সত্ত্বেও সায়মা অনুমোদনসূত্রে মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক হতে পারবে। অনুমোদনসূত্রে নাগরিকত্ব লাভের কিছু শর্ত আছে। যথা :

১. ঐ রাষ্ট্রের কোনো স্থায়ী নাগরিককে বিয়ে করা,
২. ঐ রাষ্ট্রের সম্পত্তি ক্রয় করা,
৩. ঐ রাষ্ট্রে দীর্ঘদিন ধরে বসবাস করা,
৪. ঐ রাষ্ট্রে চাকরি করা,
৫. ঐ রাষ্ট্রের ভাষা জানা,
৬. ঐ রাষ্ট্রের সেনাবাহিনীতে চাকরি করা,
৭. ভালো চরিত্রের অধিকারী হওয়া,
৮. উন্নতমানের দৰতা অর্জন দ্বারা,
৯. রাজনৈতিক আশ্রয় গ্রহণ করা।

উদ্দীপকের সায়মা উপরের শর্তগুলোর এক বা একাধিক শর্ত পূরণ করে রাষ্ট্রের কাছে আবেদন করতে পারে। তবে সায়মা যেহেতু ঐ দেশে বসবাস করছে সেই প্রেৰিতেও সে মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব লাভ করতে পারবে। তাই বলা যায়, বাংলাদেশের নাগরিক হওয়া সত্ত্বেও সায়মা অনুমোদনসূত্রে মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক হতে পারবে।

**ঘ** একই ব্যক্তি দুটি দেশের নাগরিকত্ব লাভ করলে তাকে দ্বি–নাগরিকত্ব বলে। উদ্দীপকে সাব্বির এবং সাহিদা বাংলাদেশের নাগরিক। তাদের সন্তান রাইসা এবং রাফসানের জন্ম হয় মার্কিন যুক্তরাষ্ট্রে। জন্মস্থান নীতি অনুযায়ী তারা মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক। অন্যদিকে তাদের মা–বাবা বাংলাদেশি হওয়ায় তারা বাংলাদেশেরও নাগরিক। রাইসা এবং রাফসান দুটি দেশের নাগরিকত্ব লাভ করায় তারা দ্বি–নাগরিকত্বের অধিকারী। তবে তারা প্রাপ্তবয়স্ক হলে ইচ্ছা করলে যেকোনো একটি রাষ্ট্রের নাগরিকত্ব গ্রহণ করতে পারে। আর ইচ্ছা করলে দুটি রাষ্ট্রেরই নাগরিকত্ব রাখতে পারে।

**প্রশ্ন– ৭ ▸▸** দেশের উন্নয়নে নাগরিকের ভূমিকা

জন দীর্ঘদিন বাংলাদেশে আছেন। তিনি কিছু নাগরিক সুবিধাও ভোগ করেন। কিন্তু জন সাহেব নির্বাচনে ভোট প্রদান করেন না বা কোনো ধরনের রাজনৈতিক কার্যকলাপে জড়িত থাকেন না।

[রাজশাহী কলেজিয়েট স্কুল, রাজশাহী]

ক. রাষ্ট্রের অধিবাসীকে কী বলা হয়? ১

খ. রাজশাহীকে রাষ্ট্র বলা যাবে না কেন? ২

গ. জন সাহেব বাংলাদেশে বসবাস করলেও তিনি নাগরিক নন কেন? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশের নাগরিক হলে জন সাহেবকে কী দায়িত্ব পালন করতে হবে? উদ্দীপকের আলোকে বিশেরষণ কর। ৪

## ৭ নং প্রশ্নের উত্তর

**ক** রাষ্ট্রের অধিবাসীকে নাগরিক বলা হয়।

**খ** রাষ্ট্র গঠনের সবগুলো উপাদান না থাকায় রাজশাহীকে রাষ্ট্র বলা যাবে না। রাষ্ট্রের আবশ্যকীয় চারটি উপাদান হলো–জনসংখ্যা, ভূখণ্ড, সরকার ও সার্বভৌমত্ব। এর কোনো একটি ছাড়া রাষ্ট্র গঠন সম্ভব নয়। রাজশাহীর একটি নির্দিষ্ট ভূখণ্ড, জনসমষ্টি ও সরকার থাকলেও সার্বভৌম ৰমতা নেই। তাই রাজশাহীকে রাষ্ট্র বলা যাবে না।

**গ** জন সাহেব দীর্ঘদিন বাংলাদেশে বসবাস করলেও তিনি নাগরিক নন। একটি দেশে নিজ দেশের অধিবাসী ছাড়াও ভিন্ন দেশের অনেক

লোকও বাস করে। শিৰা, ব্যবসা–বাণিজ্য, চাকরি ইত্যাদি নানা কারণে তারা অবস্থান করে। এরা বিদেশি, নাগরিক নন। তেমনি উদ্দীপকের জন সাহেবও দীর্ঘদিন বাংলাদেশে বসবাস করলেও নাগরিক নন। কারণ যারা কোনো দেশের নাগরিক তারা রাষ্ট্রের সকল অধিকার ভোগ করেন। কিন্তু জন সাহেব সকল অধিকার ভোগ করতে পারেন না। তিনি কিছু রাষ্ট্রীয় সুবিধা ভোগ করলেও ভোটদানের মতো রাজনৈতিক অধিকার ভোগ করতে পারেন না। যা নাগরিকের একটি গুরবত্বপূর্ণ অধিকার ও কর্তব্য। তাই উদ্দীপকের জন সাহেব বাংলাদেশে বসবাস করলেও বাংলাদেশের নাগরিক নন।

**ঘ** বাংলাদেশের নাগরিক হলে জন সাহেবকে রাষ্ট্রের প্রতি দায়িত্ব ও কর্তব্য পালন করতে হবে। উদ্দীপকের জন সাহেব নির্বাচনে ভোট প্রদান করেন না, বা কোনো ধরনের রাজনৈতিক কার্যকলাপে জড়িত থাকেন না। কিন্তু নাগরিক হলে জন সাহেবের রাষ্ট্রের প্রতি অনেক দায়িত্ব ও কর্তব্য রয়েছে। নাগরিক হিসেবে জন সাহেবের প্রধান দায়িত্ব ও কর্তব্য হবে গণতান্ত্রিক রাষ্ট্রে ভোট দিয়ে একটি দলকে নির্দিষ্ট সময়ের জন্য সরকার গঠনে সহায়তা করা এবং রাষ্ট্রের নিয়মকানুন মেনে চলা। এছাড়া রাষ্ট্রের শাসন পরিচালনা, সুশাসন প্রতিষ্ঠা ও উন্নয়নসহ সবকিছুই নির্ভর করে নাগরিক হিসেবে যথাযথ ভূমিকা পালনের ওপর। দেশের উন্নয়নের দায়িত্ব কেবল সরকারের একার নয়। নাগরিকেরও নিজেদের দায়িত্ব সঠিকভাবে পালন করতে হয়। জন সাহেবকেও এসব দায়িত্ব পালন করতে হবে। সুতরাং বলা যায় যে, রাষ্ট্রের প্রতি দায়িত্ব ও কর্তব্য পালন করতে হলে জন সাহেবকে ভোট দেওয়া ও অন্যান্য রাজনৈতিক কর্তব্য পালন করতে হবে।

## ■ অনুশীলনের জন্য সৃজনশীল প্রশ্নব্যাংক (উত্তরসংকেতসহ)

**প্রশ্ন– ৮ ▶▶** দেশের উন্নয়নে নাগরিকের ভূমিকা

রাজন একজন যুবক। সে তার দেশের উন্নয়নে বৃৰরোপণ, রাস্তাঘাট নির্মাণ ও সংস্কার করে থাকে। এছাড়া নির্বাচনের সময় সকলকে সৎ, যোগ্য ও শিৰিত প্রার্থী নির্বাচনে সচেতনতা সৃষ্টি করে। সে সততা, দৰতা, বিবেক ও ন্যায়–অন্যায়বোধের মাধ্যমে দেশের উন্নতি কামনা করে।

ক. রাষ্ট্রের অধিবাসীদের কী বলা হয়? ১
খ. রাষ্ট্র গঠনের তৃতীয় উপাদান সম্পর্কে লেখ। ২
গ. উদ্দীপকে বর্ণিত রাজনকে কেন সুনাগরিক বলা যায়? বর্ণনা কর। ৩
ঘ. রাজনের মতো নাগরিক দেশের উন্নয়নে ভূমিকা রাখতে পারে। উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

### ৮ নং প্রশ্নের উত্তর

**ক** রাষ্ট্রের অধিবাসীকে নাগরিক বলা হয়।


**খ** রাষ্ট্র গঠনের তৃতীয় গুরবত্বপূর্ণ উপাদান হলো সরকার। সরকারের মাধ্যমে রাষ্ট্র সকল কাজ করে থাকে, নিয়ম–কানুন আরোপ করে এবং জনগণকে পরিচালনা করে। জনগণ সরকারকে মেনে চলে। সরকারের প্রতি আনুগত্য প্রকাশ করে।

*X-clusive লিংক : প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূ প যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** দেশের উন্নয়নে নাগরিকের ভূমিকা বর্ণনা কর।

**ঘ** দেশের উন্নয়নে নাগরিকদের কর্তব্য আলোচনা কর।

**প্রশ্ন– ৯ ▶▶** নাগরিক ও তার দায়িত্ব–কর্তব্য




ক. নাগরিকত্ব কী? ১
খ. সার্বভৌমত্ব বলতে কী বোঝায়? ২
গ. ছকের "?" চিহ্নিত বিষয়ের ধারণা ব্যাখ্যা কর। ৩
ঘ. ছকে নির্দেশিত দায়িত্ব ও কর্তব্যের গুরবত্ব বিশেরষণ কর। ৪

### ৯ নং প্রশ্নের উত্তর

**ক** নাগরিকত্ব হলো রাষ্ট্রের অধিবাসী বা ব্যক্তির জাতীয় পরিচয়।

**খ** সার্বভৌমত্ব হলো রাষ্ট্র গঠনের সর্বশ্রেষ্ঠ উপাদান। সার্বভৌমত্ব রাষ্ট্রের সর্বোচ্চ অধিকার ও ৰমতা। রাষ্ট্র এ ৰমতা দিয়ে রাষ্ট্রের অভ্যন্তরে যেকোনো নির্দেশ দিতে পারে। জনগণকে সে আদেশ পালনে বাধ্য করতে পারে। সার্বভৌমত্ব হলো রাষ্ট্রের অস্তিত্ব এবং রাষ্ট্রের শান্তিশৃঙ্খলা রৰার সর্বময় ৰমতা।

*X-clusive লিংক : প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূ প যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** নাগরিকত্বের ধারণা ব্যাখ্যা কর।

**ঘ** নাগরিকের বৈশিষ্ট্যসমূহ বিশেরষণ কর।

# নিশ্চিত কমন উপযোগী জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

## ■ জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ রাষ্ট্র গঠনের উপাদান কয়টি?**
**উত্তর :** রাষ্ট্র গঠনের উপাদান চারটি।

**প্রশ্ন ॥ ২ ॥ ভূখন্ড বলতে কী বোঝায়?**
**উত্তর :** ভূখণ্ড বলতে জল, স্থল ও তার উপরিভাগের বায়ুমণ্ডলকে বোঝায়।

**প্রশ্ন ॥ ৩ ॥ রাষ্ট্র গঠনের তৃতীয় উপাদান কোনটি?**
**উত্তর :** রাষ্ট্র গঠনের তৃতীয় উপাদান হলো সরকার।

**প্রশ্ন ॥ ৪ ॥ দুটি নগর রাষ্ট্রের উদাহরণ দাও।**
**উত্তর :** সিঙ্গাপুর ও ভ্যাটিকান সিটি দুটি নগররাষ্ট্র।

**প্রশ্ন ॥ ৫ ॥ সার্বভৌমত্ব কী?**
**উত্তর :** সার্বভৌমত্ব হলো কোনো রাষ্ট্রের সর্বোচ্চ এবং চূড়ান্ত ৰমতা।

**প্রশ্ন ॥ ৬ ॥ জনসংখ্যার দিক দিয়ে বিশ্বে বাংলাদেশের অবস্থান কততম?**
**উত্তর :** জনসংখ্যার দিক থেকে বাংলাদেশ বিশ্বের অষ্টম বৃহত্তম রাষ্ট্র।

**প্রশ্ন ॥ ৭ ॥ বাংলাদেশ সরকার কী নামে পরিচিত?**
**উত্তর :** বাংলাদেশ সরকার 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার' নামে পরিচিত।

**প্রশ্ন ॥ ৮ ॥ একটি রাষ্ট্রের চূড়ান্ত ৰমতাকে কী বলা হয়?**
**উত্তর :** একটি রাষ্ট্রের চূড়ান্ত ৰমতাকে সার্বভৌমত্ব বলা হয়।

**প্রশ্ন ॥ ৯ ॥ বাংলাদেশের কোথায় প্রথম সরকার গঠিত হয়?**
**উত্তর :** ১৯৭১ সালের এপ্রিল মাসে মেহেরপুর জেলার মুজিবনগরে বাংলাদেশের প্রথম সরকার গঠিত হয়।

**প্রশ্ন ॥ ১০ ॥ কোন ৰমতার দ্বারা সরকার দেশের সকল জনগোষ্ঠীকে নিয়ন্ত্রণ করতে পারে?**
**উত্তর :** সার্বভৌম ৰমতার দ্বারা সরকার দেশের সব জনগোষ্ঠীকে নিয়ন্ত্রণ করতে পারে।

**প্রশ্ন ॥ ১১ ॥ অধিকার কী?**
**উত্তর :** অধিকার বলতে রাষ্ট্র কর্তৃক স্বীকৃত কতকগুলো সুযোগ–সুবিধাকে বোঝায়।

**প্রশ্ন ॥ ১২ ॥ বিশ্বে আমরা কী জাতি হিসেবে পরিচিত?**
**উত্তর :** বিশ্বে আমরা বাঙালি জাতি হিসেবে পরিচিত।

**প্রশ্ন ॥ ১৩ ॥ বিদেশি কাকে বলা হয়?**
**উত্তর :** একটি রাষ্ট্রে নিজ দেশের অধিবাসী ছাড়াও ভিন্ন দেশের অনেক লোক বাস করে। এদেরকে বিদেশি বলা হয়।

**প্রশ্ন ॥ ১৪ ॥ নাগরিকত্ব লাভের প্রধান উপায় কী?**
**উত্তর :** নাগরিকত্ব লাভের প্রধান উপায় হলো জন্মসূত্রে ও অনুমোদনসূত্রে নাগরিকত্ব লাভ করা।

**প্রশ্ন ॥ ১৫ ॥ দ্বি–নাগরিকত্ব কাকে বলে?**

**উত্তর :** একই ব্যক্তি দুই দেশের নাগরিকত্ব লাভ করলে তাকে দ্বি-নাগরিকত্ব বলা হয়।

**প্রশ্ন ॥ ১৬ ॥ নাগরিকত্ব কী?**

**উত্তর :** নাগরিকত্ব হলো রাষ্ট্রের অধিবাসী বা ব্যক্তির জাতীয় পরিচয়।

## ■ অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ রাষ্ট্র কথাটির অর্থ কী?**

**উত্তর :** সাধারণভাবে রাষ্ট্র বলতে আমরা সরকার, দেশ, জাতি ইত্যাদিকে বুঝি। মূলত রাষ্ট্র হলো কোনো নির্দিষ্ট স্থানে স্থায়ীভাবে বসবাসকারী একটি জনসমষ্টি। এ জনসংখ্যা সম্পূর্ণ স্বাধীন ও অন্য কোনো দেশের নিয়ন্ত্রণমুক্ত। অর্থাৎ জনসংখ্যা, ভূখণ্ড, সরকার ও সার্বভৌমত্ব– এই চারটি মূল উপাদান নিয়ে গঠিত হয় রাষ্ট্র।

**প্রশ্ন ॥ ২ ॥ বাংলাদেশের ভৌগোলিক সীমারেখার বিবরণ দাও।**

**উত্তর :** বাংলাদেশের ভূখণ্ডের আয়তন ১,৪৭,৫৭০ বর্গকিলোমিটার। এর উত্তরে ভারত, দক্ষিণে বঙ্গোপসাগর, পূর্বে ভারত ও মিয়ানমার আর পশ্চিমে ভারতের পশ্চিমবঙ্গ। অসংখ্য নদনদী, পাহাড়, বনভূমি, হাওড় প্রভৃতি নিয়ে এ সমভূমি বিস্তৃত।

**প্রশ্ন ॥ ৩ ॥ বাংলাদেশের সরকার গঠনের ইতিহাস ব্যাখ্যা কর।**

**উত্তর :** ১৯৭১ সালের এপ্রিল মাসে মেহেরপুরের মুজিবনগরে গঠিত হয় বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার। তখন মেহেরপুর ছিল কুষ্টিয়ার অন্তর্গত। দীর্ঘ ৯ মাসের রক্তক্ষয়ী সংগ্রামের পর স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ রাষ্ট্র আত্মপ্রকাশ করে। গঠিত হয় স্বাধীন বাংলাদেশের সাংবিধানিক সরকার, যার নাম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। এ সরকারব্যবস্থা মন্ত্রিপরিষদ শাসিত।

**প্রশ্ন ॥ ৪ ॥ নাগরিকের সততা থাকা প্রয়োজন কেন?**

**উত্তর :** রাষ্ট্রের শাসন পরিচালনা, সুশাসন প্রতিষ্ঠা ও উন্নয়ন সবকিছুই নির্ভর করে নাগরিকের সৎ থাকার ওপর। রাষ্ট্রের উন্নয়নের লক্ষ্যে নাগরিকের সততার এ গুণ বিশেষভাবে প্রয়োজন।